# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ নবম পরিচ্ছেদ: বিয়ে ও তালাক সংক্রান্ত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: নারী যদি স্বামীকে অপছন্দ করে ও তার সংসার করতে না চায় কী করবে?

উত্তর: আল্লাহ তা'আলা বলেন:

﴿فَإِنۡ خِفۡتُمۡ أَلَّا يُقِيمَا حُدُودَ ٱللَّهِ فَلَا جُنَاحَ عَلَيۡهِمَا فِيمَا ٱفۡتَدَتۡ بِهِۦۗ﴾ [البقرة: ٢٢٩]

“সুতরাং যদি তোমরা আশঙ্কা কর যে, তারা আল্লাহর সীমারেখা কায়েম রাখতে পারবে না, তাহলে স্ত্রী যা দিয়ে নিজেকে মুক্ত করে নেবে -তাতে কোনো সমস্যা নেই”। [সূরা আল-বাকারা, আয়াত: ২২৯]

হাফেয ইবন কাসির রহ. তার ‘তাফসীর’: (১/৪৮৩) গ্রন্থে বলেন: “স্বামী ও স্ত্রী যদি ঝগড়ায় জড়ায়, স্ত্রী স্বামীর হক আদায় না করে অথবা স্বামীকে অসন্তুষ্ট রাখে ও তার সাথে থাকতে অসম্মতি জানায়, তাহলে স্ত্রীর সুযোগ আছে স্বামী তাকে যা (মাহর) দিয়েছে তা ফেরত দিয়ে বিচ্ছিন্ন হওয়া। স্বামীকে তা ফেরত দেওয়া স্ত্রীর জন্য দোষণীয় নয়, আবার স্ত্রী থেকে তা গ্রহণ করা স্বামীর জন্য দোষণীয় নয়।” সমাপ্ত। এভাবে বিচ্ছিন্ন হওয়াকে খোলা (তালাক) বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14737

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন